তারিখ: ০১.০৫.২০২৩

# দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি পিএলসি এর "উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা"

(Principles of Disclosure of Material Information and Price Sensitive Information)

**ভূমিকা**: সাধারণ/ক্ষুদ্র বিনিয়োগকারী এবং বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট পক্ষসমূহের (Stakeholders) স্বার্থ সংরক্ষণ (To protect the interest of minority shareholders and other stakeholders) এবং সম্ভাব্য বিনিয়োগ ক্ষতি থেকে রক্ষার উদ্দেশ্যে মূল্য সংবেদনশীল তথ্য (PSI) এর সংরক্ষণ, অভ্যন্তরীণ তথ্য এবং তাদের সংজ্ঞা, বস্তুগত তথ্য প্রকাশের নীতি, অভ্যন্তরীণ ব্যবস্থা সম্পর্ক, ব্যক্তিগত তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য সরবারহের পদ্ধতি, ইত্যাদির সুনির্দিষ্ট নীতি প্রণয়নকল্পে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত "সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ বিধিমালা, ২০২২" অনুযায়ী কোম্পানির আর্থিক অবস্থার পরিবর্তন, কর্পোরেট ঘোষণা, কর্পোরেট কাঠামো পরিবর্তন, পুঁজি কাঠামো, ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ বা পরিবর্তন, ঋণ ও ফান্ড ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০ তারিখ: ২৮.১২.২০২২ পরিপালনের লক্ষ্যে দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি পিএলসি এর জন্য **"উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা"** (Principles of Disclosure of Material Information and Price Sensitive Information) প্রণয়ন করা হলো।

নীতিমালাটি নিম্নরূপ:

## দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি পিএলসি

## উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা

(Principles of Disclosure of Material Information and Price Sensitive Information)

১। দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি পিএলসি এর উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালাটি গঠিত হয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত "সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ বিধিমালা, ২০২২" প্রজ্ঞাপন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০ তারিখ: ২৮.১২.২০২২ এর বিধি ৩(২) "তফসিল-ক" অনুসারে।

২। এই নীতিমালায় কোম্পানী বলতে "দি ইবনে সিনা ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রি পিএলসি" কে বুঝাবে।

৩। কোম্পানীর নিম্নবর্ণিত উল্লেখযোগ্য তথ্যসমূহের (Material Information) মধ্যে "সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ বিধিমালা, ২০২২" এর বিধি ৩ এর উপবিধি (১) অনুযায়ী কোম্পানীর যেসকল তথ্যে মূল্য সংবেদনশীলতা রয়েছে, কোম্পানীর মূল্য সংবেদনশীল তথ্য (Price Sensitive Information) হিসাবে গণ্য করবে এবং মূল্য সংবেদনশীল তথ্য (PSI) হিসাবে প্রকাশ করবে, যথা:



Corporate Office : Tanin Center, 3 Asad Gate, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207
Telephone (PABX) : (+88 02) 41022150-8, Factory: Shafipur, Kaliakoir, Gazipur, Bangladesh
www.ibnsinapharma.com

ISO 9001 : 2015 Certified Company

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার ফলাফল বা এতদসংক্রান্ত মৌলিক তথ্য;

(আ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

(ই) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্য; যথা:- একীভূতকরণ, বিভক্তিকরণ (Demerger), অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্য;

(ঈ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন সংক্রান্ত তথ্য;

(উ) ব্যবসায় কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্য;

(ঊ) ফান্ড ব্যবস্থাপনা বা ফান্ডের কাঠামোগত পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্য;

(ঋ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারীকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধিমালা বা আদেশ বা নির্দেশবা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

(এ) কমিশন কর্তৃক সময় সময় সরকারী গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

৪। ঢাকা স্টক এক্সচেঞ্জ কর্তৃক প্রকাশিত দি লিষ্টিং রেগুলেশন ২০১৫ এর বিধি ৩৮ অনুসারে "উল্লেখযোগ্য তথ্য (Material Information) সম্পর্কে বলা হয়েছে:

Every issuer of listed securities shall notify the Exchange and the Commission within such time determined by the Exchange about any material change/information as defined in Regulation 2 (1) (l) of the said Listing Regulation mentioned as follows:-

"Material change/information" means those changes information, relating to decision, occasion, circumstances, situation, conditions, events, financials or otherwise, any other changes in the affairs of the issuer or its directors/sponsors or its Chief Executive Officer/ Managing Director/Company Secretary/Chief Financial Officer/Compliance Officer that can have impact on investment decision of the holders of the securities or potential investors or otherwise users of such material information/changes. In case of listed mutual funds or collective investment schemes, the material Change/Information" also includes changes in any basic structure of the fund or asset manager or trustee and/or any policy outlined in the offer documents including trust deed.

৫। উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা এর বিধি ৩-এ বর্ণিত মূল্য সংবেদনশীল তথ্য ব্যতীত নিম্ন বর্ণিত সকল তথ্য "উল্লেখযোগ্য তথ্য (Material Information)" হিসেবে কোম্পানীর দাপ্তরিক ওয়েবসাইটে (www.ibnsinapharma.com) প্রকাশ করা হবে:



Corporate Office : Tanin Center, 3 Asad Gate, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207
Telephone (PABX) : (+88 02) 41022150-8, Factory: Shafipur, Kaliakoir, Gazipur, Bangladesh
www.ibnsinapharma.com
ISO 9001 : 2015 Certified Company

**৫.১। কোম্পানির আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রান্ত প্রভাবক, যেমন:-**

(ক) কোম্পানির আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, দায়, বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন বা উল্লেখযোগ্য হ্রাস বৃদ্ধি বিষয়ক কোন তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামুলক তথ্যাদি:

- শেয়ার প্রতি আয়;
- শেয়ার/ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;
- শেয়ার/ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য;

(গ) কোম্পানির সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রণের উল্লেখযোগ্য পরিবর্তন;

(ঘ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোন বিশেষ নির্দেশনার কোন পরিবর্তন; এবং

(ঙ) কোম্পানির একাউন্টিং পলিসির কোন পরিবর্তন, ইত্যাদি।

**৫.২। কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমন:-**

(ক) লভ্যাংশ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটিহোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত;

(গ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোন তথ্য; এবং

(ঘ) কোম্পানির লভ্যাংশ বিতরণ পলিসি (Dividend Distribution Policy of IPI) পরিবর্তন, ইত্যাদি।

**৫.৩। কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমন:-**

(ক) কোম্পানির বিদ্যমান সম্পদের ৫% বা তাহার বেশি কোন সম্পদের অধিগ্রহণ বা অবসায়ন;

(খ) কোম্পানির সহিত অন্য কোম্পানির একীভূতকরণ বা উল্লেখযোগ্য শেয়ার অর্জন ও অধিগ্রহন, ইত্যাদি;

(গ) কোম্পানির কোন ইউনিটকে বিভক্তিকরণ (Demerger);

(ঘ) কোম্পানির কোন ইউনিটের রূপান্তর বা অবসায়ন;

(ঙ) ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন;

(চ) কোন কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব;

(ছ) কোম্পানির নিয়ন্ত্রণে প্রভাব ফেলতে পারে এইরূপ মালিকানার পরিবর্তন; এবং

(জ) কোম্পানির নাম বা ঠিকানা পরিবর্তন, ইত্যাদি।

**৫.৪। পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাবলী, যেমন:-**

(ক) কোম্পানির পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত কোন সিদ্ধান্ত;

(খ) কোম্পানির কোন ইউনিট পরিকল্পিতভাবে পুনঃক্রয় বা রিডেমপশন;



**Corporate Office :** Tanin Center, 3 Asad Gate, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207
**Telephone (PABX) :** (+88 02) 41022150-8, **Factory:** Shafipur, Kaliakoir, Gazipur, Bangladesh
www.ibnsinapharma.com

ISO 9001 : 2015 Certified Company

(গ) যে কোন শেয়ার কনসোলিডেশন, শেয়ার বিনিময়, কোন সিকিউরিটিকে ইকুইটি সিকিউরিটিতে রূপান্তর অথবা ঋণপত্রকে শেয়ারে রূপান্তর সংক্রান্ত সিদ্ধান্ত; এবং

(ঘ) শেয়ারহোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি।

৫.৫। **ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ, পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি, যেমন:-**

(ক) কোম্পানির প্রযুক্তি, উৎপাদন বা স্থাপনা সম্পর্কিত উল্লেখযোগ্য কোন উন্নয়ন বা পরিবর্তন;

(খ) উল্লেখযোগ্য পুঁজি বিনিয়োগ অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের পরিবর্তন;

(গ) উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট, সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন;

(ঘ) দীর্ঘমেয়াদী অনাদায় তহবিলের উল্লেখযোগ্য আদায়;

(ঙ) প্রধান নিবার্হী, সিইও, সিএফও, কোম্পানি সচিবসহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যুতি;

(চ) বিধিবদ্ধ নিরীক্ষক বা কর্পোরেট গভার্নেন্স কমপ্লায়েন্স অডিটর, ক্রেডিট রেটিং কোম্পানির পরিবর্তন;

(ছ) লিগ্যাল প্রসেডিংস শুরুকরণ বা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা কোন উল্লেখযোগ্য রায় বা আদেশ;

(জ) স্টক এক্সচেঞ্জ হইতে কোম্পানির তালিকাচ্যুতি বা এক ক্যাটাগরি হতে অন্য কোন ক্যাটাগরিতে পরিবর্তন;

(ঝ) উল্লেখযোগ্য ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেষ্টরস রিলেশন এগ্রিমেন্ট, সার্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশন যাহা আর্থিক বিবরণীকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করিতে পারে এইরূপ কোন চুক্তি;

(ঞ) কোন স্থায়ী সম্পদ ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত বা প্লান্ট বা মেশিনারীর সংস্কার বা উন্নয়ন বা সম্প্রসারণ (BMRE) বা নতুন ইউনিট স্থাপন সংক্রান্ত তথ্য; এবং

(ট) আন্তঃ কোম্পানি বা সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে উল্লেখযোগ্য অগ্রীম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান প্রদান, ইত্যাদি।

৫.৬। **ঋণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি, যেমন:-**

(ক) পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যাহা অধিক তাহার ২৫% বা তাহার বেশি পরিমাণ ঋণ গ্রহণ ও পরিশোধ;

(খ) উল্লেখযোগ্য সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ;

(গ) কোন ব্যাংক বা পাওনাদার বা ঋণপত্রের দায় বা দেনা পরিশোধে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের ব্যর্থতা;

(ঘ) উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং

(ঙ) বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি।

৫.৭। **অন্যান্য, যেমন:-**

(ক) কোন গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত /স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;

(খ) কোম্পানির উল্লেখযোগ্য কোন ক্ষতি বা উহার ভাবমূর্তি ক্ষুন্নকারী কোন ঘটনা;



**Corporate Office**: Tanin Center, 3 Asad Gate, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207
**Telephone (PABX)**: (+88 02) 41022150-8, **Factory:** Shafipur, Kaliakoir, Gazipur, Bangladesh
www.ibnsinapharma.com

**ISO 9001 : 2015 Certified Company**

(গ) পূর্বে ঘোষিত কোন প্রকল্প বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন; এবং

(ঘ) কোম্পানির অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি।

৬. **কার্যকারীতা:** মে ০১, ২০২৩ তারিখ থেকে কার্যকর হিসেবে গণ্য হবে।

৭. **অনুমোদিত:** মার্চ ১৬, ২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩০৪ তম সভায় অনুমোদিত।

| | | |
|---|---|---|
| **সাইয়েদ আমিমুল ইহসান** এফসিএস | **মো. কবীর হোসেন** | **প্রফেসর ড. এ কে এম সদরুল ইসলাম** |
| সিনি. ম্যানেজার, কর্পোরেট অ্যাফেয়ার্স | কোম্পানী সেক্রেটারী | ব্যবস্থাপনা পরিচালক |